

গ্রন্থাগারে বই পড়ি
আলোকিত মানুষ গড়ি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
পাঠকসেবা শাখা
শাহবাগ, ঢাকা
www.publiclibrary.gov.bd

ই-নথি

মুদ্রিত
১৭/৮/১৯

০৯/০৭/১৯

৪৩২
১৭/৮/১৯

স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৮.১৮.১৩

তারিখ: ২৩ আষাঢ় ১৪২৬

০৭ জুলাই ২০১৯

বিষয়: জাতীয় শোকদিবস ২০১৯ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা।

জাতীয় শোকদিবস ২০১৯ উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা

ক্র.নং.	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	খোকা থেকে বঙ্গবন্ধু	১০০০
২.	খ	নবম-দ্বাদশ	বঙ্গবন্ধু ও বাংলাদেশ	১২০০
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	বঙ্গবন্ধুর কারাগার জীবন	১৫০০
৪.	ঘ	সর্বসাধারণ	১৫ আগস্টের শোকাবহ রাত	১৮০০

খ) চিত্রাংকন প্রতিযোগিতা :

ক্র.নং.	গ্রুপ	বয়সসীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়
১.	ক	অনূর্ধ্ব-৭ বছর	উন্মুক্ত
২.	খ	অনূর্ধ্ব-১২ বছর	শিশুদের প্রিয় বঙ্গবন্ধু

রচনা প্রতিযোগিতার বিষয়ে জ্ঞাতব্য : রচনা প্রতিযোগিতায় ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে। রচনা জমা দেয়ার শেষ তারিখ ২০.০৮.২০১৯।

চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়ে জ্ঞাতব্য : চিত্রাংকন প্রতিযোগিতা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার,